

পাকিস্তানের ভারপ্রাপ্ত হাই কমিশনারকে তলব এবং সীমান্তে
অনুপ্রবেশের বিষয়ে কূটনৈতিক চরমপত্র প্রদান

পাকিস্তানের ভারপ্রাপ্ত হাই কমিশনার জনাব হায়দার শাহকে আজ তলব করা হয় এবং সীমান্ত টপকে ১৬ এবং ১৭ অগস্ট রাতে জঙ্গি সংগঠন জইশ-ই-মহম্মদয়ের সদস্যদের অনুপ্রবেশ এবং জম্মু ও কাশ্মীর রাজ্যের পুলওয়ামায় পুলিশ ফাঁড়িতে হামলা, এবং ২৬ অগস্ট জঙ্গি হামলায় আট ভারতীয় নিরাপত্তা রক্ষীর মৃত্যুর ঘটনার তীব্র নিন্দা করা হয়।

পাকিস্তানকে অনুপ্রবেশের তদন্ত করতে বলা হয় এবং এ বিষয়ে জঙ্গি হামলার নিন্দনীয় ঘটনায় জড়িতদের শাস্তি দেওয়ার কথা বলা হয়। হামলাকারী নিহত জঙ্গিদের ডিএনএ নমুনা সংগ্রহ করে রাখা আছে এবং তদন্তের স্বার্থে সেগুলি পাকিস্তানকে দেওয়া যেতে পারে।

পাকিস্তানের মাটিতে জঙ্গিদের মদত না দেওয়া এবং জঙ্গিদের নিয়ন্ত্রণ করার বিষয়ে পাকিস্তানকে তার প্রতিশ্রুতি পূরণ করতে বলা হয় এবং সীমান্তে অনুপ্রবেশ এবং জঙ্গি কার্যকলাপের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়।

নয়াদিল্লি

সেপ্টেম্বর ০৫, ২০১৭